শোভা হত্যাকারীর ফাঁসির দাবীতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন

জাতীয় পার্টি জেপির কেন্দ্রীয় যুগ্ন মহাসচিব আব্দুল হালিমের মেয়ে রাজবিন হুসনার হত্যাকারী স্বামী রবিউল ইসলামের ফাঁসির দাবীতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১ টায় দিকে বাজার কমিটির আয়োজনে গাংনী বাসস্ট্যান্ডে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপনের সভাপতিত্বে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক, গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম।

এসময় সাবেক যুবলীগ সভাপতি আব্দুস সালাম, পৌর কাউন্সিলর নবীরুদ্দীন, বাজার কমিটির সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু ও ব্যবসায়ী নেতৃবৃন্দ সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য: শোভা রাজবিন হুসনাকে তার স্বামী রবিউল ইসলাম ঢাকার একটি ভাড়া বাসায় ১১ সেপ্টম্বর পিটিয়ে ও শ্বাসরোধে হত্যা করে। এ হত্যার একমাত্র আসামী রবিউল ইসলামের ফাঁসির দাবীতে ইতোপুর্বে মানববন্ধন করা হয়।

আওয়ামী লীগ নেতা অ্যাড. আব্দুস সালাম অসুস্থ্য, দোয়া কামনা

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সাবেক সহ-সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাডভোকেট আব্দুস সালাম হৃদরোগে আক্রান্ত

হয়ে ঢাকায় জাতীয় হৃদরোগ ইন্সটিটিউশনে ভর্তি হয়েছেন।

গতকাল মঙ্গলবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় উপপ্রচার কমিটির সহ-সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন’র প্রকাশক এম.এ.এস ইমন তাকে দেখতে হাসপাতালে যান এবং তার চিকিৎসার খোজ খবর নেন।

এ সময় অ্যাড. আব্দুস সালাম মেহেরপুর প্রতিদিন প্রকাশকের মাধ্যমে সবার কাছে দোয়া চেয়েছেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের খোকসায় ডা. মহিউদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে ডা. মহিউদ্দীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার বিকালে খোকসায় এ উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমঝুপি ইউপি চেয়ারম্যান ও মেহেপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দীন আহমেদ চুন্নুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ আলহাজ আব্দুল জলিল, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান, প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, প্রধান শিক্ষক মিজানুর রহমান, ইউপি সদস্য আমিন উদ্দিন, সাবেক ইপি সদস্য ইনছান।

অন্যদের মধ্যে বক্তব্য দেন আবুতাহের, জিএস জুয়েল, শহিদুল ইসলাম, আনোয়ার ইসলাম , লাল চাঁদ, হেলাল উদ্দিন, তারিকুল ইসলাম, মহিবুল ইসলাম, সলেমান, রাকিবুল ইসলাম রুবেল প্রমুখ।অনুষ্ঠান পরিচালনা করেন আরিফুল ইসলাম।

আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু বলেন, এই বিদ্যালয় আমার একার না, আমাদের সবার। আপনারা সার্বিক সহযোগিতা করবেন। ছাত্র ছাত্রী ভর্তি করবেন । এখানে দক্ষ শিক্ষক দ্বারা পাঠ দান করা হবে।

গাঁজা রাখার দায়ে একজনের ৬ মাসের কারাদন্ড

গাঁজা সেবন ও রাখার দায়ে মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামের একজনকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে তাকে এ দন্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

দন্ড প্রাপ্ত আসামী উপজেলার হিন্দা গ্রামের পশ্চিমপাড়ার মৃত মুরাদ মন্ডলের ছেলে মোঃ একছার আলি।

আদালত সুত্রে প্রকাশ, মাদকদ্রব্য আইন ২০১৮ এর ৩৬ (১) টেবিল ২৯ (ক) ধারায় ৬মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

এর আহে তাকে ২শ’ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

– গাংনী প্রতিনিধি

গাংনীর গাড়াডোবে গলায় ফাঁস

দিয়ে গৃহকর্তার আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে গলায় ফাঁস দিয়ে আতর আলী নামের একজন আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

মঙ্গলবার ভোরে বাড়ির খালি ঘরে সে আত্মহত্যা করে বলে পরিবারের লোকজন জানায়।

মৃত ব্যাক্তি ঐ গ্রামের মৃত আতর আলি ছেলে মোঃ আনছার আলির ছেলে। সে মেহেরপুর পল্লি বিদ্যুৎ অফিসের কর্মরত ছিল।

পারিবারের লোকজন জানান,মৃত আনছার আলি দীর্ঘদিন ধরে পেটের সমস্যায় ভুগছিল। এ সমস্যায় সে দু’বার অপারেশনও করেছিল তাছাড়া চোখের অসুখেও দু’বার অপারেশন করে।

স্থানীয়দের ধারণা সে মানসিকভারসাম্য হারিয়ে আত্মহত্যার পথ বেছে নিতে পারেন।

তবে আত্মহত্যার দু’দিন আগেও সে তার কর্মস্থলে যায় এবং তার পরের দিন বেলতলা পাড়া গ্রামের মেয়ের বাড়িতে বেড়াতেও যান। ঘটনাস্থলে পুলিশ তদন্ত করছে বলে জানা গেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে এ বিষয়ে পরে ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে জরিমানা সহ অবৈধ ইটভাটা বন্ধ

মেহেরপুর জেলার গাংনী উপজেলায় অবৈধ ব্যারেল চিমনি ব্যবহার করায় ২০ হাজার টাকা জরিমানা সেই সাথে ইটভাটা ভেঙে দিয়েছে প্রশাসন।

মঙ্গলবার গাংনীর হাড়িয়াদহ মাঠে সরোয়ার হোসেন এর ইটভাটায় এ

অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট আরাফাত হোসেন ।

এসময় অবৈধ ব্যারেল চিমনি ব্যবহার করায় ভাটাটি আজীবনের জন্য বন্ধ ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে কাচা ইট গুলো পানি দিয়ে নষ্ট করে দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর হোসেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে পুকুর থেকে প্রবাসীর স্ত্রীর মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মহিষাখোলা গ্রাম থেকে প্রবাসীর স্ত্রী আফরোজা খাতুনের (২৮) মরদেহ উদ্ধার করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে বাড়ির পার্শ্ববর্তী পুকুরে তার মরদেহের সন্ধান পায় স্বজনরা। তাকে শ্বাসরোধ করে হত্যা করে পুকুরে ফেলে দেয়া হয় বলে ধারনা স্বজনদের।

আফরোজা খাতুন মহিষাখোলা গ্রামের হাউস আলীর মেয়ে। গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের শিপন মিয়ার সাথে তার বিয়ে হয়। শিপন বিদেশে থাকায় দুই ছেলেকে নিয়ে পিতার বাড়িতে বসবাস করতেন আফরোজা।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, সোমবার রাতে প্রতিদিনের ন্যায় নিজ ঘরে দুই ছেলেকে নিয়ে ঘুড়িয়ে পড়েন আফরোজা। তবে সকালে ঘুম থেকে উঠে বাড়ির লোকজন আফরোজার সন্ধান পাচ্ছিলেন না।

খোঁজার এক পর্যায়ে বাড়ির পার্শ্ববর্তী একটি তুলা ক্ষেতে আফরোজার ব্যবহৃত ওড়না ও স্যান্ডেলের সন্ধান পাওয়া যায়। এতে পরিবারের লোকজনের সন্দেহ বেড়ে যায়।

পরে প্রতিবেশী আজাদ বক্সের পুকুরে আফরোজার মরদেহ খুঁজে পায় স্বজনরা। তার গলায় আঘাতের চিহ্নি রয়েছে।

এতে তাকে শ্বাসরোধ করে হত্যা করে পুকুরে মরদেহ ফেলে রাখা হয়েছে বলে ধারনা স্বজনদের। তবে কী কারণে কারা তাকে হত্যা করেছে তা নিশ্চিত হতে পারছেন না পরিবার।

মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করে গাংনী থানা

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে।

সেই সাথে এ ঘটনার পেছনের রহস্য উন্মোচনে মাঠে নেমেছে পুলিশ।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে দৈনিক ইত্তেফাকের ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে শোভাযাত্রা, কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে দৈনক ইত্তেফাক পত্রিকার ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমী থেকে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি মেহেরপুর জেলা প্রেস ক্লাব প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রেসক্লাবে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

দৈনিক ইত্তেফাকের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহাবুব চান্দুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সহসভাপতি নাসের চৌধুরী, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক কর্মী

শামিম জাহাঙ্গীর সেন্টু, মাহবুবুল হক মন্টু, শামিমুল ইসলাম, ইমদাদুল হক প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দুই বছরে পদার্পণ উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার রাতে শহরের কোর্ট সড়কে অবস্থিত জেলা প্রেসক্লাবে কেক কাটা হয়।

এসময় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারি শিক্ষক আব্দুল ওয়াদুদ, বিশিষ্ট্য ব্যবসায়ী আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সহ-সভাপতি নাসের চৌধরী, সাধারণ সম্পাদক মাহাবুব চাঁন্দু, অর্থ-সম্পাদক দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য মিজানুর রহমান, সাধারণ সদস্য মুর্তজা ফারুক রুপক, সাংবাদিক রেজাউল করিম, পাভেল মাহমুদ সহ সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর ময়না হার্ডওয়ার এন্ড

স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি উপলক্ষে সেমিনার ২০১৯ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ৯টা থেকে উপজেলার ভাটপাড়া ডিসি ইকো পার্কে র্যালী দিয়ে এ অনুষ্ঠানের সূচনা হয়।

র্যালী শেষে সেমিনার অনুষ্ঠানে বক্তব্য রাখেন কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভি।

ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধীকারি মো: জিয়াউর রহমানের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাম্মদ আবু জাফর, অ্যাড. এ কে এম শফিকুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজ উদ্দিন, গাংনী বাজার কমিটির সভাপতি মহিবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু, সাবেক সভাপতি মুস্তাফিজুর রহমান মানিক, মহিলা কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টু প্রমুখ।

এ সময় সকল টাইলস শ্রমিক, ইলেক্ট্রিক শ্রমিক, পানি ফিটিং শ্রমিক ও পেইন্ট শ্রমিকদের সমন্বয়ে এক মিলন মেলার পরিবেশ তৈরী হয়।

সেমিনার শেষে এক প্রীতিভোজের আয়োজন করা হয়। পরে শ্রমিকদের নিয়ে এক মনোজ্ঞা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

- গাংনী প্রতিনিধি